

৩/৫
স্বাক্ষর
সি/সি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০২০.১৯. ১৮৬১৪/১৩

তারিখ: ০১/০৮/২০২২ খ্রি.

গণবিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন প্রত্যাবক চক্র সরাসরি বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও তার অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে পদোন্নতি প্রদান, নিয়োগ, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন করে, ই-মেইল, এস.এম.এস. বা চিঠি পাঠিয়ে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে কর্মকর্তা-কর্মচারীদের নিকট ব্যক্তিগতভাবে ও মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকার কোন কাজে কোন প্রকার আর্থিক লেনদেনের কোন প্রয়োজন নেই। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা হতে যে সকল সেবা প্রদান করা হয়ে থাকে, তার জন্য সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে এবং তার ভিত্তিতেই সেবা প্রদান করা হয়ে থাকে।

এ সংক্রান্ত সকল তথ্যাদি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েব সাইট (www.dshe.gov.bd) এ নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রত্যাবক চক্র বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও এর অধীন কোন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ব্যবহার করে ই-মেইল, এস.এম.এস. ফোন এবং চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন ধরনের প্রলোভনের ফাঁদে না জড়ানোর জন্য সংশ্লিষ্টদের-কে অনুরোধ করা হলো। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা চাইলেই বুঝবেন যে এটা প্রতারণা, সাথে সাথেই এ ধরনের প্রত্যাবকের ফোন নম্বর নিকটস্থ থানায়া এবং প্রত্যাবকদের পুলিশে সোপর্দ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক
ফোন: ০২-২২৩৩৫১০৫৭